প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ"

পরিপত্রনং- ৩২/২০২১ তারিখঃ ২২.১১.২০২১

**ঋণ ও অগ্রিম বিভাগ**

**বিষয়ঃ "আত্মকর্মসংস্থানমূলক ঋণ নীতিমালা, ২০২১" অনুমোদন প্রসঙ্গে।**

ব্যাংকের পরিচালনা পর্ষদের গত ০২.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত ৮৪তম সভায় "আত্মকর্মসংস্থানমূলক ঋণ নীতিমালা, ২০২১" অনুযায়ী নতুন ঋণ সেবা চালুকরণের প্রস্তাবনা পর্ষদের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করা হয়।

"নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের ব্যবসা ও আত্মকর্মসংস্থানমূলক কাজের জন্য স্বল্প সুদে ঋণ সহায়তা কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৫০০ (পাঁচশত) কোটি টাকার মধ্যে মুলধন ঘাটতি বাবদ ২য় দফায় প্রাপ্ত ২৫০ (দুইশত পঞ্চাশ) আত্মকর্মসংস্থানমূলক ঋণ নীতিমালা, ২০২১" পরিশিষ্ট-"ক" অনুযায়ী বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।"

০২. ০১ ডিসেম্বর ২০২১ তারিখ হতে বর্ণিত নীতিমালা অনুযায়ী ঋণ প্রদান করতে হবে।

০৩. প্রবাসী কল্যাণ ব্যাংকের নতুন এ ঋণ সেবা বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করতে হবে।

০৪. এমতাবস্থায়,"আত্মকর্মসংস্থানমূলক ঋণ নীতিমালা, ২০২১" অনুমোদনের কপি সকল শাখা ব্যবস্থাপকের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ নীতিমালা ০৬ (ছয়) পাতা।

(মোঃ মারফত আলী)
উপ-মহাব্যবস্থাপক (প্রেষণে) ও
বিভাগীয় প্রধান

সকল শাখা ব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ
০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। মহাব্যবস্থাপক (প্রশাসন ও পরিচালন) মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(মহাব্যবস্থাপক (প্রশাসন ও পরিচালন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। মহাব্যবস্থাপক (আইসিসি, আইটি ও পরিচালন) মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(মহাব্যবস্থাপক (আইসিসি, আইটি ও পরিচালন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। বিভাগীয় প্রধান, আইটি বিভাগ (সিস্টেম), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। অফিস কপি।

# “আত্মকর্মসংস্থানমূলক ঋণ নীতিমালা, ২০২১”

**ভূমিকাঃ** কোভিড-১৯ এর দ্রুত বিস্তার ও সংক্রমণ প্রতিরোধে বিশ্বব্যাপি নজিরবিহীন লকডাউন ও যোগাযোগ স্থবিরতা বিশ্ব অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলছে। নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের ব্যবসা ও আত্মকর্মসংস্থানমূলক কাজের জন্য স্বল্প সুদে ঋণ বিতরণ কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৫০০ (পাঁচশত) কোটি টাকার মধ্যে মুলধন ঘাটতি বাবদ ২য় দফায় ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১, কর্তৃক ২০২১-২২ অর্থ বছরের বাজেটের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীন “১০৯০১০১-১২০০০১০০০০০০০০০-৩৯১১১১২- অপ্রত্যাশিত ব্যয়” খাত হতে প্রবাসী কল্যাণ ব্যাংকের অনুকূলে প্রদান করা হয়েছে। উক্ত অর্থ বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের গ্রামীন এলাকায় ব্যবসা ও আত্মকর্মসংস্থানমূলক কাজের জন্য স্বল্প সুদে ঋণ বিতরণ করা হবে যা “আত্মকর্মসংস্থানমূলক ঋণ ”(Self Employment/ Independent Loan) হিসাবে বিবেচিত হবে।

**১. শিরোনামঃ** এই নীতিমালা “আত্মকর্মসংস্থানমূলক ঋণ নীতিমালা, ২০২১” নামে অভিহিত হবে।

**২. উদ্দেশ্যঃ** বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের গ্রামীন এলাকায় ব্যবসা ও আত্মকর্মসস্থানমূলক কাজের জন্য স্বল্প সুদে ঋণ প্রদান।

**৩.সংজ্ঞাঃ-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায় –

ক. “কোভিড-১৯” অর্থ করোনা ভাইরাস রোগ ২০১৯;

খ. “ব্যাংক” অর্থ প্রবাসী কল্যাণ ব্যাংক;

গ. “পরিশিষ্ট” অর্থ এই নীতিমালার সাথে সংযোজিত পরিশিষ্ট;

ঘ. “প্রাথমিক জামানত” অর্থ ব্যবসায়িক মালামাল, মেশিনারিজ, সাজসরঞ্জাম যা হাইপোথিকেশনে অবস্থায় ব্যাংকের নিকট দায়বদ্ধ;

ঙ.”সহজামানতঃ” অর্থ ঋণ কে অধিকতর নিরাপদ করার লক্ষ্যে জমি ও অবকাঠামোর (গ্রামের বসতবাড়ি ব্যতিত) মূল দলিলপত্রাদি ব্যাংকে গচ্ছিত রাখা ;

ছ. “ইকুইটি” অর্থ ব্যবসায়ে মালিকের অংশ।

**৪. ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ**

ক. বাংলাদেশের নাগরিক হতে হবে;

খ. প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠান এলাকায় অবস্থিত প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখায় ঋণের আবেদন করতে হবে।

গ. বয়স ন্যূনতম ১৮ বৎসর হতে হবে;

ঘ. বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাব মোকাবেলায় বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকগন এ ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে;

ঙ. অন্য কোন সংস্থা/ এ ব্যাংকসহ যে কোন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারী প্রতিষ্ঠান হতে ঋণ খেলাপি ব্যক্তি ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। ঋণ খেলাপি নয় মর্মে আবেদনকারীকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

চ. উন্মাদ, দেউলিয়া, মানসিক ভারসাম্যহীন ব্যক্তি, রাষ্ট্রদ্রোহী মামলার আসামী ঋণের জন্য বিবেচিত হবেন না;

ছ. প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ইতঃপূর্বে গৃহীত ঋণ নিয়মিত হতে হবে;

জ. ১ জানুয়ারী, ২০২০ তারিখ থেকে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী ঋণের জন্য বিবেচিত হবে।

**৫.ঋণের প্রকৃতিঃ**

ক. প্রকল্প ঋণ খ. চলতি পুঁজি / ক্যাশ ক্রেডিট।

**৬.ঋণের খাত সমূহঃ** দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল / বাণিজ্যিক /সেবামুলক যেকোন অর্থনৈতিক কর্মকান্ড ঋণের খাত হিসাবে বিবেচিত হবে। নিম্নে খাতসমূহ উল্লেখ করা হলোঃ

**ক) কৃষি খাতঃ**

**I. মৎস্যসম্পদঃ**

- মৎস্যচাষ:কার্প জাতীয়-রুই, কাতলা, মৃগেল ইত্যাদি;
- মৎস্যচাষ:ক্যাট ফিস-পাংগাস, বোয়াল, পাবদা, টেংরা, মাগুর, শিং ইত্যাদি;
- মৎস্যচাষ:তেলাপিয়া, ভেটকি, চিতল, কৈ, থাই কৈ, শোল, গজার, পুঁটি ইত্যাদি;
- মৎস্যচাষ:চিংড়ি;
- মৎস্যচাষ:(মিশ্র);
- মাছচাষ: অন্যান্য।

**II. প্রাণীসম্পদঃ**

**পোল্ট্রি ফার্মঃ**

- মুরগী(লেয়ার, ব্রয়লার, কক) খামার;
- হাঁস/রাজহাঁস খামার;
- পোল্ট্রি ফার্ম (অন্যান্য)।

**গবাদিপশু মোটাতাজাকরণ / পালন প্রকল্পঃ**

গরু/ছাগল/ভেড়া/মহিষ মোটাতাজাকরণ/পালন।

**দুগ্ধ খামারঃ**

গরু/ছাগল/ভেড়া/মহিষের দুগ্ধ খামার।

**III. অন্যান্য কৃষি খাতঃ**

দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামুলক যেকোন কৃষি খাত।

**খ. অকৃষি খাতঃ**

**i. কুটির শিল্প/ ক্ষুদ্র শিল্প প্রকল্পঃ**

- মৃৎশিল্প;
- ব্লক-বাটিক প্রিন্টিং;
- গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি;
- তাঁত/বুনন শিল্প;
- নকশী কাঁথা তৈরি;
- কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি;
- ক্ষুদ্র ও কুটির শিল্প (অন্যান্য)।

**ii. বাণিজ্যিক খাতঃ**

- মুদি/মনোহরী;
- ডিপার্টমেন্টাল স্টোর;
- কাপড়ের ব্যবসা/তৈরি পোষাকের ব্যবসা;
- প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য ব্যবসা;
- ধান/চাল/অন্যান্য কৃষিপণ্য ব্যবসা;

- ধান, গম, মসলা ও অন্যান্য কৃষিপণ্য ভাঙ্গার মেশিন ব্যবসা;
- সার/বীজ/কীটনাশক ব্যবসা ;
- পার্টসের ব্যবসা;
- ইলেকট্রিকও ইলেকট্রনিক্স সামগ্রীর ব্যবসা;
- ঔষধ ব্যবসা;
- জুতার ব্যবসা;
- ক্রোকারিজ সামগ্রীর ব্যবসা;
- হার্ডওয়্যার ব্যবসা;
- আসবাবপত্রের ব্যবসা;
- কম্পিউটার দোকান;
- লাইট ইঞ্জিনিয়ারিং/গাড়ী মেরামত ওয়ার্কসপ;
- সিএনজি, অটোরিক্সা ও অন্যান্য পরিবেশবান্ধব যানবাহন ক্রয়;
- কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার, ধান কাটা ও মাড়াইয়ের যন্ত্র, মাটি কাটার মেশিন ইত্যাদি) ব্যবসা;
- বিউটি পার্লার;
- অন্যান্য বাণিজ্যিক খাত।

**৭. ঋণ সীমাঃ** সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা।

**৮. ঋণের মেয়াদঃ** প্রকল্প এবং ব্যবসার প্রকৃতি/ধরণ অনুযায়ী সর্বোচ্চ ০২ বছর।

**৯. সহজামানত/ জামানত/ গ্যারান্টিঃ**

**ক.** সর্বোচ্চ **৩.০০** (তিন) লক্ষ টাকা পর্যন্ত সহজামানত বিহীন;

**খ.** ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ১.৫ গুণ সমপরিমাণ সহজামানত নিতে হবে;

**গ.** ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্দ্ধে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে ঋণগ্রহিতা/গ্যারান্টারের ঋণ পরিশোধের সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসাবে হাল খাজনার দাখিলাসহ জমির মূল দলিলপত্রাদি (এসএ/আরএস/বিএস/সিটি জরিপ পর্চা এবং প্রযোজ্য ক্ষেত্রে মিউটেশনের কপি) ঋণ বিতরণের পূর্বে ব্যাংকের হেফাজতে সংরক্ষণ করতে হবে।

**ঘ.** যে কোন পরিমাণ ঋণের ক্ষেত্রে প্রকল্প, ব্যবসার মালামাল/অস্থাবর ও অন্যান্য সম্পদ প্রাথমিক জামানত হিসেবে হাইপোথিকেশন দলিলমূলে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে;

**ঙ.** ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে ২ (দুই) জনের গ্যারান্টি এবং ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে ১(এক) জনের গ্যারান্টি নিতে হবে। এক্ষেত্রে ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/মাতা/স্বামী/স্ত্রী/ভাই/বোন/নিকটতম আত্নীয়-স্বজন/ আর্থিকভাবে সচ্ছল সমাজের গণ্যমান্য ব্যক্তি গ্যারান্টর হতে পারবেন। একজন গ্যারান্টর সর্বোচ্চ দুইজন ঋণগ্রহীতার গ্যারান্টর হতে পারবেন সেক্ষেত্রে গ্যারান্টরের ঋণ পরিশোধের সক্ষমতা থাকতে হবে।

**চ.** ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে।

**১০. সুদের হারঃ** ০৪% সরল সুদ হারে EMI (Equal Monthly Installment) পদ্ধতিতে সুদ আরোপ এবং খেলাপি ঋণ গ্রহীতা হিসাবে মেয়াদোত্তীর্ণের পরবর্তী সময় মেয়াদোত্তীর্ণ আসলের উপর নির্ধারিত সুদের হারের সাথে অতিরিক্ত ২% হারে সুদ চার্জকরণ;

**১১. গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ডঃ** প্রকল্প এবং ব্যবসার গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ড হবে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস (পরিশিষ্ট অনুযায়ী)।

**১২. ইকুইটি/ মার্জিনঃ** প্রকল্প ঋণের ক্ষেত্রে সমমূলধন ন্যূনতম ২০% এবং চলমান ঋণের ক্ষেত্রে মার্জিন ন্যূনতম ৫০%।

**১৩. চলতি/সঞ্চয় হিসাবঃ** ঋণ বিতরণের পূর্বে অত্র ব্যাংকে ন্যূনতম ১,০০০.০০ (এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব/ ৫০০.০০ (পাচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং অন্য যে কোন একটি তফসিলি ব্যাংকে চলতি হিসাব/ সঞ্চয়ী হিসাব থাকতে হবে।

**১৪.ফরমের মুল্যঃ** আবেদনকারীকে বিনামূল্যে আবেদন ফর্ম বিতরণ করতে হবে।

**১৫. প্রসেসিং ফিঃ** ঋণগ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ০.৫০% প্রসেসিং ফি প্রদান করতে হবে। ঋণ বিতরণের পূর্বে ঋণ গ্রহীতার নিকট হতে প্রসেসিং ফি নগদ আদায় করতে হবে।

**১৬. ডকুমেন্টেশন ফিঃ** ঋণগ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ০.৫০% ডকুমেন্টেশন ফি প্রদান করতে হবে এবং ঋণ বিতরণের পূর্বে ঋণগ্রহীতার নিকট হতে ডকুমেন্টেশন ফি নগদ আদায় করতে হবে।

**১৭. তালিকা বহির্ভূত খাতে অর্থায়নঃ** দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামুলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ডের খাতসমূহ যা তালিকায় অন্তর্ভূক্ত করা হয়নি সে সকল ঋণ খাতে/প্রকল্পে অর্থায়ন করা যাবে।

**১৮.ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতাঃ** যেকোন পরিমাণের ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক এর উপর ন্যস্ত থাকবে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর উপর অর্পিত ক্ষমতা প্রয়োজন বোধে অধীনস্থ কর্মকর্তাদের উপর আংশিক বা সামগ্রিকভাবে অর্পন (Delegation) করতে পারবেন। অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে ব্যবস্থাপনা পরিচালক সাময়িকভাবে রহিত/স্থগিত করতে পারবেন।

**১৯. ঋণ আদায়ঃ** মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক ঋণ গ্রহীতাকে ঋণের কিস্তি পরিশোধ করতে হবে। যথাসময়ে ঋণপরিশোধের ব্যর্থতায় দেশের বিদ্যমান আইন অনুযায়ী ব্যাংক মামলা দায়ের করতে পারবে।

**২০. ঋণ আবেদনের প্রয়োজনীয় কাগজপত্রঃ** -

**ক**. ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে);

**খ**. আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বহির্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ) / এর ট্রাভেল পারমিটের ফটোকপি;

**গ**. বিএমইটি'র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমণের প্রমাণপত্র /বিদেশে চাকুরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র;

**ঘ**. আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন)কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্র জন্মনিবন্ধনের ফটোকপি;

**ঙ**.গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধনের ফটোকপি;

**চ**. হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

**ছ**. প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে);

**জ**. দোকান/গোডাউন ভাড়ার ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্র এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে;

**ঝ**.প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা প্রশিক্ষন গ্রহনে সম্মত আছেন মর্মে অঙ্গিকার পত্র;

**ঞ**. ব্যক্তিগত/প্রকল্পের নামে কোন সংস্থা/এনজিও/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র;

**২১.ঋণ বিতরণ পদ্ধতিঃ** ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত মঞ্জুরীকৃত ঋণ ০১টি কিস্তির মাধ্যমে এবং ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে মঞ্জুরীকৃতঋণের ক্ষেত্রে সর্বোচ্চ ০২টি কিস্তির মাধ্যমে উদ্যোক্তার নামে A/C Payee/Order চেকের মাধ্যমে বিতরণ করতে হবে। প্রতিটি কিস্তির অর্থ সদ্ব্যবহার করা হয়েছে মর্মে নিশ্চিত হয়ে পরবর্তী কিস্তি বিতরণ করতে হবে।

**২২. সিআইবি রিপোর্টঃ** বাংলাদেশ ব্যাংকের সিআইবি ব্যুরোর সাথে Agreement না হওয়া পর্যন্ত ঋণ গ্রহীতাদের সিআইবি রিপোর্ট ব্যতীত অত্র নীতিমালা অনুযায়ী ঋণ প্রদান করা যাবে।

**২৩.ঋণের চার্জ ডকুমেন্টঃ**

**ক) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রেঃ**

১। ডিপি নোট-৫০ টাকার রেভিনিউ ষ্ট্যাম্পযুক্ত।

২। প্রকল্প/ প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে রাখার জন্য ঋণ গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড-৩০০/-(তিনশত) টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত।

৩। Letter of continuity-৩০০/-(তিনশত) টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত।

৪। Letter of disbursement- (ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।

৫। Letter of arragement- (ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।

৬। ডিপি নোট ডেলিভারী লেটার- (ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।

৭। Memorandum of cheque- (ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।

৮। তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি-৩০০/-(তিনশত)টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত।

৯। ঋণ মঞ্জুরী পত্রের শর্তানুযায়ী ঋণ গ্রহণে সম্মত আছে এ মর্মে ঋণগ্রহীতার সম্মতিপত্র (Letter Of consent) নিতে হবে।

১০। চেক জমা করণের স্মারকলিপি/ মেমোরেন্ডাম অব চেক, ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত।

**খ) ৩.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রেঃ**

১।উপোরোক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত ঋণের চার্জ ডকুমেন্টসহ নিম্নবর্ণিত দলিলপত্রাদি সম্পন্ন করতে হবে।

২। মেমোরেন্ডাম অফ টাইটেল ডিড-৩০০/-(তিনশত) টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত।

**২৪. নীতিমালা কার্যকর ও সংশোধন ক্ষমতাঃ**

এই নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে। এই নীতিমালা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন, পরিবর্ধন করার ক্ষমতা ব্যাংকের পরিচালনা পর্যদের উপর ন্যস্ত থাকবে।

পরিশিষ্ট

**ঋণের মেয়াদকাল ও পরিশোধসূচিঃ**

| ক্রম | খাত/ প্রকল্পসমূহ | মেয়াদ(সর্বোচ্চ) | গ্রেস/ মরাটেরিয়াম পিরিয়ড | পরিশোধসূচি (সর্বোচ্চ) | বিতরণের সময়কাল |
|---|---|---|---|---|---|
| ০১ | মৎস্যচাষ (কার্পজাতীয় মাছ) | ০২বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০২ | মৎস্যচাষ (ক্যাটফিস) | ০২বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৩ | মৎস্য চাষ (তেলাপিয়া, ভেটকি, চিতল,থাই কৈ ইত্যাদি) | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৪ | মৎস্য চাষ (চিংড়ি) | ০২বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৫ | মৎস্য চাষ (মিশ্র) | ০২বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৬ | ব্রয়লার/কক মুরগীর খামার | ০২বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৭ | লেয়ার মুরগীর খামার | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৮ | পোল্ট্রি ফার্ম (হাঁস) | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৯ | দুগ্ধ খামার | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১০ | মৃৎ শিল্প | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১১ | ব্লক-বাটিক প্রিন্টিং | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১২ | গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৩ | তাঁত/বুনন শিল্প | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৪ | নকশী কাঁথা তৈরী | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৫ | কাঠের/ স্টীলের আসবাবপত্র তৈরি | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৬ | মুদি/মনোহরী | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৭ | ডিপার্টমেন্টাল স্টোর | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৮ | কাপড়ের ব্যবসা/ তৈরি পোষাক ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৯ | প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২০ | ধান/ চাল/ অন্যান্য কৃষিপণ্য ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২১ | সার/ বীজ/ কীটনাশক ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২২ | পার্টসের ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৩ | ইলেকট্রিক সামগ্রীর ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৪ | ইলেকট্রনিক্স সামগ্রীর ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৫ | ঔষধ ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৬ | জুতার ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৭ | ক্রোকারিজ সামগ্রীর ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৮ | হার্ডওয়্যার ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৯ | আসবাবপত্রের ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩০ | কম্পিউটার দোকান | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩১ | লাইটইঞ্জিনিয়ারিং/ গাড়ী মেরামত ওয়ার্কসপ | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩২ | সিএনজি, অটোরিক্সা ও অন্যান্য পরিবেশবান্ধব যানবাহন ক্রয় | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৩ | কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার, ধান কাটা ও মাড়াইয়ের যন্ত্র, মাটি কাটার মেশিন ইত্যাদি) ব্যবসা | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৪ | বিউটি পার্লার | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৫ | সৌর বিদ্যুৎ | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |

-------০০------